ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৭৯

ধর্মনগর, ২৩ জুলাই, ২০২৫

**ধর্মনগরে ড্রাগস-এর অপব্যবহার বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত**

'ড্রাগস-এর অপব্যবহার এবং পরিবারে এর প্রভাব' - বিষয়ক এক কর্মশালা গতকাল ধর্মনগরে অনুষ্ঠিত হয়। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের কনফারেন্স হলে এই কর্মশালা আয়োজিত হয়। ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন, আমাদের সকলকে ড্রাগস-এর অপব্যবহারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। সামাজিক দায়বদ্ধ হতে হবে। এদিনের কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন ত্রিপুরা মহিলা কমিশনের সদস্যা রূপালী অধিকারী, ধর্মনগর সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. গৌতম দাস, উত্তর প্রদেশের মীরাট থেকে আগত তাপতী উপাধ্যায় যিনি মোটরসাইকেলে ভারতের বিভিন্ন রাজ্য ভ্রমণ করেছেন ড্রাগস-এর অপব্যবহার ও অন্যান্য বিষয়ে সমাজকে সচেতন করার জন্য। কর্মশালায় ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের অধ্যাপক, অধ্যাপিকা ও ছাত্রছাত্রীগণ উপস্থিত ছিলেন।

*****